


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ আষাঢ় ১৪২৩/০২ জুলাই ২০১৬

নম্বর: ০৪.৪২৩.০২২.০২.০০১.২০১০.৬৭ - সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, ০১ জুলাই ২০১৬ তারিখ শুক্রবার রাতে রাজধানীর গুলশানে অবস্থিত হলি আর্টিজান বেকারি রেস্টুরেন্টে একদল সন্ত্রাসীর হাতে নৃশংসভাবে শাহাদৎ বরণকারী ২ জন পুলিশ কর্মকর্তা এবং সন্ত্রাসীদের হাতে নিহত নিরীহ দেশী-বিদেশী ব্যক্তিবর্গের বিদেহী আত্মার প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের উদ্দেশ্যে আগামী ০৩ ও ০৪ জুলাই ২০১৬ তারিখ ২ (দুই) দিন রাষ্ট্রীয় পর্যায়ে শোক পালিত হবে। উক্ত দিবসসমূহে বাংলাদেশের সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠান/ভবনসমূহে এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


০২/০৭/২০১৬
(মোহাম্মদ শফিউল আলম)
মন্ত্রিপরিষদ সচিব

বিতরণ:

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ।
- ৩। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়। বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহকে অবহিত করার জন্য তাঁকে অনুরোধ করা হল।
- ৪। বিভাগীয় কমিশনার (সকল)। তাঁর বিভাগের সকল জেলা প্রশাসককে অবহিত করার জন্য অনুরোধ করা হল।
- ৫। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৬। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। তাঁকে উপর্যুক্ত প্রজ্ঞাপন বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে এবং জাতীয় দৈনিক পত্রিকাসমূহে জরুরি ভিত্তিতে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হল।
- ৭। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা। তাঁকে উপর্যুক্ত প্রজ্ঞাপনটির ১০০ (একশত) কপি মুদ্রণ করে অদ্যই সরবরাহ করার জন্য অনুরোধ করা হল।
- ৮। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব।